

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৪৬

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫. দ্বিতীয় অনুচ্ছেদ - গোসলের বিবরণ

### আরবী

وَعَنْ عَائِشَةَ قَالَتْ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَغْسِلُ رَأْسَهُ بِالْخِطْمِيِّ وَهُوَ جُنُبٌ يَجْتَزِىُّ بِذَلِكَ وَلَا يَصِبُبُّ عَلَيْهِ الْمَاءَ. رَوَاهُ أَبُو دَاوُد

#### বাংলা

88৬-[১৭] উক্ত রাবী ['আয়িশাহ্ (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম ফরয গোসলের সময় খিত্বমী দিয়ে নিজের মাথা ধুতেন, অথচ তিনি নাপাক। খিত্বমী দিয়ে ধৌত করাকেই যথেষ্ট মনে করতেন। মাথায় পানি ঢালতেন না। (আবু দাউদ)[1]

## ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ২৫৬। কারণ এর সানাদে একজন অপরিচিত রাবী রয়েছে।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীস থেকে প্রতীয়মান হয় যে, ফরয গোসলের সময় হালাল সাবান, হালাল শ্যাম্পু ইত্যাদি দ্বারা মাথা ভালোভাবে পরিষ্কার করা মুসতাহাব এবং মাথা পরিষ্কার করার জন্য ব্যবহৃত খিত্বমী বা সাবানের ফেনা ধুয়ে ফেলার জন্য যে পানি ব্যবহার করা হয়, তাই মাথার পবিত্রতার জন্য যথেষ্ট। পুনরায় নতুন পানি গ্রহণের প্রয়োজন নেই। ইবনু মাস্ভিদ (রাঃ) খিত্বমী দ্বারা মাথা ধুয়ে পরিষ্কার করতেন এবং ফরয গোসলের ক্ষেত্রে তা-ই যথেষ্ট মনে করতেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন